ংবাদ

2 JUN 2013
পৃষ্ঠা ২৪ কলাম ৫

সিটি মেয়র এম মনজুর আলম

চসিক'র ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করছে ৬০ হাজার ছাত্রছাত্রী

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ মনজুর আলম বলেছেন, চট্টগ্রাম সিটি করপোরেশন জনগণের প্রতিষ্ঠান। নগরবাসীর প্রত্যাশা পূরণই এ প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। নগরবাসীর উন্নয়ন অগ্রাধিকারের শিক্ষা সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি করপোরেশন ৭০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে ৬০ হাজার ছাত্রছাত্রী লেখা পড়া করছে। গতকাল শনিবার সকালে পাহাড়তলীস্থ হাজী আবদুল আলী সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ে বার্ষিক পুরস্কার বিতরণী সভা প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

পাহাড়তলি ওয়ার্ড কাউন্সিলর আবদুল সাত্তার মেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সাবেক কমিশনার আলহাজ নুরুল কবির মিয়া ও করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আলী আহমদ, সিটি মেয়রের একান্ত সচিব মনজুরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। হাজী আবদুল আলী সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কথা বড়ুয়া অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আরও বলেন, শিক্ষা প্রসারে সিটি করপোরেশন শিক্ষা খাতকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে কাজ করে যাচ্ছে। কারণ মহানগরীর ৪১টি ওয়ার্ডে শিক্ষার্থীর তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যাপ্ত নয়। তাই নগরীর বিভিন্ন ওয়ার্ডে নতুন স্কুল স্থাপন, আবার কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে কলেজে রূপান্তরের মাধ্যমে শিক্ষা সংকট নিরসনে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে সিটি করপোরেশন। এই প্রসঙ্গে তিনি সিটি করপোরেশন পরিচালিত অপর্ণাচরণ ও উত্তর কাট্টলী বালিকা বিদ্যালয়কে কলেজে উন্নীতকরণ এবং আগ্রাবাদ বেপারী পাড়া মার্কেটে একটি নতুন বালিকা কলেজ প্রতিষ্ঠা করার কথা উল্লেখ করেন।